গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

বিষয়ঃ **পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ)/২০১৭ (হিজরী ১৪৩৯) উদযাপনের জন্য জাতীয় কর্মসূচী গ্রহণের লক্ষ্যে ২৮/১১/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কর্যবিবরণী।**

১২ রবিউল আউয়াল ১৪৩৯ হিজরী (০২/১২/২০১৭ খ্রিঃ ১৮ পৌষ, ১৪২৪ বঙ্গাব্দ) এ পবিত্র-ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উদযাপন উপলক্ষে জাতীয় পর্যায়ে কর্মসূচী প্রণয়ন এবং সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে মাননীয় মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাপতিত্বে অনুষ্ঠিতব্য আন্ত:মন্ত্রণালয় সভার নোটিশ গত ২৩.১১.২০১৭ তারিখে জারী করা হয়। মাননীয় মন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান তাঁর নিজ জেলা ময়মনসিংহে জরুরী কাজে ব্যস্ত থাকায় এবং এ মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব জনাব মো: আনিছুর রহমান এর সভাপতিত্বে ২৮.১২.২০১৭ তারিখ বেলা ১১.০০ টায় মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী :

| নং | কর্মসূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বাণী প্রদান। | পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা:) উদযাপন উপলক্ষে প্রতি বছর মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী জাতির উদ্দেশ্যে বাণী প্রদান করে থাকেন। বিগত বছরের ন্যায় এ বছরেও পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা:) উপলক্ষে অনুরূপ ব্যবস্থা নিতে হবে। | রাষ্ট্রপতির কার্যালয় (জন বিভাগ) এবং প্রধানমন্ত্রীর কার্যালয় |
| ২ | সরকারী, আধা-সরকারী ভবন, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বেসরকারী ভবন ও সশস্ত্র বাহিনীর সকল স্থাপনাসমূহে জাতীয় পতাকা উত্তোলন। | এ দিন সকল সরকারী, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত/বেসরকারি ভবন ও সশস্ত্র বাহিনীর সকল সদর দপ্তর/ইউনিট/ঘাঁটি/জাহাজসমূহে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। | সচিবালয়ের অভ্যন্তরে গণপূর্ত বিভাগ এবং সচিবালয়ের বাইরে স্ব-স্ব মন্ত্রণালয়/ বিভাগ/সংস্থা/ দপ্তর/জেলা প্রশাসন /সিটিকরপোরেশন/পৌর সভা/ সশস্ত্র বাহিনী বিভাগ ও স্ব-স্ব উদ্যোগে বেসরকারি ভবনের মালিকগণ। |
| ৩ | (ক) জাতীয় পতাকা ও ''কালেমা তায়্যিবা'' লিখিত ব্যানার ঢাকা মহানগরীর গুরুত্বপূর্ণ ট্রাফিক আইল্যান্ড ও লাইট পোষ্টে প্রদর্শন।<br><br>(খ) আলোক সজ্জাঃ<br>পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) দিবাগত রাত্রিতে সরকারি ভবন সমুহে ও সামরিক গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহে আলোক সজ্জাকরণ। | (ক) প্রতি বছরের ন্যায় এবারও ঢাকা মহানগরীর গুরুত্বপূর্ণ ট্রাফিক আইল্যান্ড, গুরুত্বপূর্ণ স্থান ও রাস্তাসমুহে জাতীয় পতাকা, রঙিন পতাকা ও কলেমা তায়্যিবা লিখিত ব্যানার প্রদর্শন ও টানানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>বনানীর ঢাকা গেট হতে কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী, ছাত্র-শিক্ষক কেন্দ্র, কার্জন হল, আবদুল গণি রোড, বঙ্গবন্ধু এভিনিউ, ডি, আই টি এভিনিউ, নর্থ- সাউথ রোড এবং বঙ্গভবন হয়ে ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট, ঢাকা ক্লাব, তোপখানা রোড, দৈনিক বাংলা অফিস হয়ে বঙ্গভবন পর্যন্ত জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের চারি পার্শ্বের রাস্তাসমূহ ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের সম্মুখের রাস্তায় লিখিত ব্যানার প্রদর্শন ও টানানোর ব্যবস্থা নিতে হবে।<br>(খ) ঈদ-ই-মিলাদুন্নবীর দিন দিবাগত রাত্রিতে নির্দিষ্ট সরকারি ভবনসমূহে (বঙ্গভবন, প্রধানমন্ত্রীর কার্যালয়, বাংলাদেশ সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের শুধুমাত্র দক্ষিণাংশ, বায়তুল মোকাররম মসজিদ) অন্যান্য বছরের ন্যায় আলোকসজ্জার ব্যবস্থা করা হবে। এ কাজের খরচ বাবদ গণপূর্ত অধিদপ্তর-কে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হবে। | (ক) গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।<br>(খ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়/গণপূর্ত অধিদপ্তর/ সশস্ত্র বাহিনী বিভাগ। |
| ৪ | ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক পক্ষকালব্যাপী হযরত মোহাম্মদ (সাঃ) এর জীবনীর উপর আলোচনা সভা ও বই মেলার আয়োজন করা।<br><br>ইসলামিক ফাউন্ডেশন এবং ইসলামিক মিশনসমূহে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী(সাঃ) মাহফিলসহ বিশেষ কর্মসূচী গ্রহণ। | ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ পক্ষকালব্যাপী হযরত মোহাম্মদ (সঃ) এর জীবনীর উপর আলোচনা সভা ও বই মেলার আয়োজন করবে। ঢাকা মহানগরীর ৫০টি বিদ্যালয়ে ইসলামিক ফাউন্ডেশন ইসলামী মূল্যবোধের উপর আলোচনা সভার আয়োজন করবে। তাছাড়া প্রতিটি জেলার ২টি খ্যাতনামা বিদ্যালয়ে জেলা প্রশাসকের সভাপতিত্বে ইসলামী মূল্যবোধের উপর আলোচনা সভার আয়োজন করবে।<br><br>ইসলামিক ফাউন্ডেশন এবং ইসলামিক মিশনসমূহে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা:) মাহফিলসহ বিশেষ কর্মসূচী গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | মন্ত্রিপরিষদ বিভাগ মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন।<br>ও<br>উপ-পরিচালক (সকল জেলা), ইসলামিক ফাউন্ডেশন। |

| নং | কর্মসূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৫ | পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষ্যে বাংলাদেশ সচিবালয় মসজিদে দোয়া ও মিলাদ মাহফিলের জন্য তারিখ নির্ধারণ এবং এর আয়োজন। | পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা:) উদযাপনের দিন (০২.১২.২০১৭ খ্রি.) সরকারি ছুটি। এজন্য জনপ্রশাসন মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয় মসজিদে মিলাদ ও ওয়াজ মাহফিল আয়োজনের নিমিত্ত সভার তারিখ নির্ধারন করা। এ উপলক্ষে গত বছর নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে প্রস্তুতি কমিটি গঠন করা হলো:<br>প্রস্তুতি কমিটি নিম্নরূপঃ<br>১। অতিরিক্ত-সচিব (প্রঃ), জনপ্রশাসন মন্ত্রণালয় - আহবায়ক<br>২। যুগ্ম-সচিব (প্রঃ), ধর্ম বিষয়ক মন্ত্রণালয় - সদস্য<br>৩। মহাপরিচালক, কর্মচারী কল্যাণ বোর্ডের প্রতিনিধি - সদস্য<br>৪। ওয়াকফ প্রশাসক,ঢাকা এর প্রতিনিধি - সদস্য<br>৫। উপ-সচিব (নিরাপত্তা) স্বরাস্ট্র মন্ত্রণালয় - সদস্য<br>৬। উপ-সচিব, তথ্য মন্ত্রণালয় -সদস্য<br>৭। পরিচালক, দ্বীনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগ ইসলামিক ফাউন্ডেশন- সদস্য<br>৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী,গণপূর্ত অধিদপ্তর - সদস্য<br>৯। পেশ ইমাম, সচিবালয়, মসজিদ - সদস্য<br>১০। বাংলাদেশ টেলিভিশন এর একজন প্রতিনিধি - সদস্য<br>১১। উপসচিব (প্রশাসন),ধর্ম বিষয়ক মন্ত্রণালয় - সদস্য সচিব<br><br>সচিবালয় মসজিদের মিলাদ মাহফিল অনুষ্ঠানে মসজিদ সংলগ্ন এলাকায় প্যান্ডেল করা হবে। সচিবালয় মসজিদে মিলাদ মাহফিলের যাবতীয় ব্যয়ভার ধর্ম বিষয়ক মন্ত্রণালয় থেকে বহন করা হয়। বর্ণিত প্রস্তুতি কমিটি সচিবালয় মসজিদে মিলাদ মাহফিল অনুষ্ঠানের সার্বিক ব্যবস্থাপনাসহ নিম্নোক্ত দায়িত্ব পালন করবেঃ<br>(১) ৪ (চার) জন মহিলা সদস্যকে কমিটিতে কো-অপ্ট করা;<br>(২) ব্যানার টাংগানো;<br>(৩) মাইকের ব্যবস্থাকরণ;<br>(৪) নিরাপত্তা নিশ্চিতকরণ;<br>(৫) পৃথকভাবে মহিলাদের বসার ব্যবস্থা করা;<br>(৬) সম্ভাব্য উপস্থিতি অনুসারে সুষ্ঠুভাবে তবারক বিতরণ;<br>(৭) মাহফিল পরিচালনা ও<br>(৮) বিবিধ।<br>বিঃদ্রঃ মহিলাদের জন্য পৃথক কোন কমিটি থাকবে না।<br>খতিব বায়তুল মোকাররম জাতীয় মসজিদ মোনাজাত পরিচালনা করবেন (এ বিষয়ে ইসলামিক ফাউন্ডেশন ব্যবস্থা গ্রহণ করবে)। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত-সচিব (প্রশাসন) এর নেতৃত্বে গঠিত প্রস্তুতি কমিটি।<br>ইসলামিক ফাউন্ডেশন<br>গণপূর্ত ইডেন বিভাগ ।<br>ইএমই বিভাগ-২ গণপূর্ত অধিদপ্তর |
| ৬ | মাননীয় মন্ত্রী/উপদেষ্টাবর্গ/ প্রতিমন্ত্রীবর্গ/উপমন্ত্রীবর্গ/সকল সিনিয়র সচিব/সচিব এবং সকল মন্ত্রণালয়ের কর্মকর্তা/ কর্মচারীসহ মিলাদ মাহফিলে উপস্থিত থাকার জন্য দাওয়াত প্রদান। | বিগত বছরের ন্যায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয় মাননীয় মন্ত্রী /উপদেষ্টাবর্গ/প্রতিমন্ত্রীবর্গ/উপমন্ত্রীবর্গ/সকল সিনিয়র সচিব/সচিবকে এবং সকল মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীকে মিলাদ মাহফিলে উপস্থিত থাকার জন্য দাওয়াত প্রদান করতে হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। |
| ৭ | বিভাগ/জেলা/উপজেলা/ সিটি করপোরেশন/ পৌরসভা/ সশস্ত্র বাহিনী বিভাগ/ বেসরকারি সংস্থা সমূহে হযরত মুহাম্মদ (সাঃ) এর জীবন ও কর্মের উপর আলোচনা সভা ও মিলাদ মাহফিল অনুষ্ঠানের কর্মসূচী | বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তাসহ সিটি কর্পোরেশন, পৌরসভা, সশস্ত্র বাহিনী বিভাগ নিজ নিজ অধিক্ষেত্রে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী(সা:) উদযাপনের জাতীয় কর্মসূচীর আলোকে অনুরুপ কর্মসূচী গ্রহণ করবেন এবং কর্মসূচীতে সেমিনার, আলোচনা সভা, ওয়াজ মাহফিল অর্ন্তভূক্ত থাকবে। এছাড়া দেশের অন্যান্য মসজিদে অনুরূপ কর্মসূচী পালন করতে হবে। | ১. মন্ত্রিপরিষদ বিভাগ।<br>২. জনপ্রশাসন মন্ত্রণালয়।<br>৩. স্থানীয় সরকার বিভাগ।<br>৪. সশস্ত্র বাহিনী বিভাগ।<br>৫. ইসলামিক ফাউন্ডেশন।<br>৬. বেসরকারী সংস্থার প্রধান। |

| নং | কর্মসূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৮ | শিশুদের জন্য অনুষ্ঠান। | শিশু একাডেমী শিশুদের জন্য প্রতি বছরের ন্যায় এবারও হামদ-নাত, আলোচনা সভা, রচনা- প্রতিযোগিতাসহ বিভিন্ন কর্মসূচী গ্রহণ করবে। এজন্য শিশু একাডেমীর অনুকূলে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হবে। | ১. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।<br>২. শিশু একাডেমী, ঢাকা।<br>৩. ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা। |
| ৯ | বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠান/সাংস্কৃতিক প্রতিষ্ঠান ও সকল ধর্মীয় প্রতিষ্ঠান কর্তৃক পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষে মিলাদ মাহফিলসহ বিশেষ কর্মসূচী গ্রহণ। | সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়, মেডিকেল বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ, নার্সিং ইনস্টিটিউট, হেলথ ইনস্টিটিউটসহ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান, সাংস্কৃতিক প্রতিষ্ঠান, ইসলামিক ফাউন্ডেশন, বাংলা একাডেমি, শিশু একাডেমি, ওয়াকফ প্রশাসনসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠান কর্তৃক হযরত মুহাম্মদ (সঃ) এর জীবনী ও কর্মের উপর আলোচনা, বিশেষ করে ইসলামের শান্তি, প্রগতি, সৌহার্দ, সহিষ্ণুতা, বিশ্ব-ভ্রাতৃত্ব, মানবাধিকার, নারীর মর্যাদা ইত্যাদি বিষয়ের উপর আলোচনা সভা ও ওয়াজ মাহফিল অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করবে। | ১. শিক্ষা মন্ত্রণালয়।<br>২. স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ<br>৩. প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।<br>৪. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।<br>৫. সমাজকল্যাণ মন্ত্রণালয়।<br>৬. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।<br>৭.ইসলামিক ফাউন্ডেশন।<br>৮.বাংলাদেশ ওয়াকফ প্রশাসন।<br>৯. বাংলা একাডেমি। |
| ১০ | বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার কর্তৃক যথাযথ গুরুত্বসহকারে বিশেষ অনুষ্ঠান প্রচার ও সংবাদপত্রসমূহে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষে বিশেষ সংখ্যা (ক্রোড়পত্র) প্রকাশ। | বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, অন্যান্য ইলেকট্রোনিক মিডিয়া ও বিভিন্ন প্রচার মাধ্যমে গুরুত্বসহকারে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী(সা:) উপলক্ষে বিশেষ অনুষ্ঠান প্রচার করার ব্যবস্থা গ্রহণ করবে। সংবাদপত্রসমূহে পবিত্র ঈদ-ই-মিলাদুনবী (সা:) উপলক্ষে ক্রোড়পত্র প্রকাশের জন্য ইসলামিক ফাউন্ডেশন কে অনুরোধ করা হবে। এ বিষয়ে তথ্য মন্ত্রণালয় ও তথ্য অধিদপ্তর সার্বিক সহযোগিতা করবে। পরবর্তী বছর থেকে ইসলামিক ফাউন্ডেশনকর্তৃক প্রস্তুতকৃত ক্রোড়পত্র তথ্যমন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর ও ডিএফপি কর্তৃক প্রকাশ করার অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা:) উপলক্ষে ঐদিন সন্ধ্যার পর বাংলাদেশ টেলিভিশন একটি বিশেষ অনুষ্ঠানের আয়োজন করবে। | ১. তথ্য মন্ত্রণালয়/তথ্য অধিদপ্তর/ডিএফপি<br>২. ইসলামিক ফাউন্ডেশন<br>৩.বাংলাদেশ টেলিভিশন<br>৪. বাংলাদেশ বেতার<br>৫. প্রিন্ট ও ইক্টেনিক মিডিয়াসহ সকল প্রচার মাধ্যম। |
| ১১ | দেশের সকল হাসপাতাল/ কারাগার/সরকারি শিশু পরিবার/বৃদ্ধ নিবাস/ মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে উন্নতমানের খাবার পরিবেশন | দেশের সকল সামরিক ও বেসামরিক হাসপাতাল, কারাগার, শিশুসদন ও বৃদ্ধনিবাস কেন্দ্রে উন্নতমানের খাদ্য পরিবেশন করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর/অফিসসমূহ এবং সশস্ত্র বাহিনী বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. স্বাস্থ্য সেবা বিভাগ।<br>২. সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।<br>৩. সমাজকল্যাণ মন্ত্রণালয়।<br>৪. সশস্ত্র বাহিনী বিভাগ। |
| ১২ | বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস ও মিশনসমূহে যথাযথভাবে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) পালন। | বিদেশে অবস্থিত বালাদেশ দূতাবাস ও মিশনসমুহ যথাযথ মর্যাদা সহকারে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা:) পালনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পররাষ্ট্র মন্ত্রণালয়। |
| ১৩ | সিটি করপোরেশন/ পৌরসভা কর্তৃক নগর ও মহানগরের রাস্তা- ঘাট পরিষ্কার পরিচ্ছন্ন রাখা। | দেশের সকল সিটি কর্পোরেশন/পৌরসভা/শহরের রাস্তা-ঘাট পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. মন্ত্রিপরিষদ বিভাগ<br>২.স্থানীয় সরকার বিভাগ।<br>৩.সকল সিটি করপোরেশন।<br>৪.সকল জেলা প্রশাসন।<br>৫.সকল পৌরসভা।<br>৬.তথ্য মন্ত্রণালয়।<br>৭.বাংলাদেশ বেতার।<br>৮.বাংলাদেশ টেলিভিশন। |
| ১৪ | পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষে সারাদেশে আইন শৃংখলা রক্ষার্থে বিশেষ ব্যবস্থা গ্রহণ। | পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষে সারাদেশে আইন শৃংখলা রক্ষার্থে বিশেষ ব্যবস্থা গ্রহণ করতে হবে। পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) সুষ্ঠুভাবে সম্পন্ন করতে ও আইন শৃংখলা রক্ষার্থে ঐ দিন, পূর্বের দিন এবং পরের দিন ধর্মীয় অনুষ্ঠান ছাড়া অন্যান্য অনুষ্ঠান (যেমন-যাত্রা, জারিগান, আতশবাজি ইত্যাদি) বন্ধ রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১.মন্ত্রিপরিষদ বিভাগ<br>২. স্বরাষ্ট্র মন্ত্রণালয়।<br>৩. বাংলাদেশ পুলিশ। |

২। সারাদেশে আইন শৃংখলা যথাযথভাবে রক্ষণের জন্য সভাপতি আইন শৃংখলা বাহিনীর প্রতি বিশেষভাবে আহ্বান জানান। তিনি পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে উদযাপনের ব্যবস্থা গ্রহণ করার জন্যও সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮.১১.১৭

(মো:আনিছুর রহমান)
ভারপ্রাপ্ত সচিব

নম্বর-১৬.০০.০০০০.০০১.২৩.০০৩.১৬./১৫৩১

তারিখ: ১৪ অগ্রহায়ন, ১৪২৪ বঙ্গাব্দ
২৮ নভেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

**বিতরণ: সদয় কার্যার্থে (জ্যেষ্ঠ্যতারভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরেবাংলানগর, ঢাকা।
৬. পি.এস.ও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৭. পুলিশ মহা-পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
৮. পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৯. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
১০. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩. ভারপ্রাপ্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪. মহামান্য রাষ্ট্রপতির সামরিক সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
২৫. বিভাগীয় কমিশনার, ঢাকা।
২৬. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
২৭. অতিরিক্ত সচিব (প্রশাসন) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮. অতিরিক্ত সচিব (প্রশাসন) জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৯. ওয়াকফ প্রশাসক, বাংলাদেশ ওয়াকফ প্রশাসকের কার্যালয়, ঢাকা।
৩০. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
৩১. মহাপরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, ঢাকা।
৩২. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
৩৩. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
৩৪. মহাপরিচালক, বাংলাদেশ ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩৫. মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
৩৬. মহাপরিচালক, বাংলা একাডেমি, ঢাকা।

৩৭. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।
৩৮. ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসিএল।
৩৯. ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল, রমনা, ঢাকা।
৪০. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৪১. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা।
৪২. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন , ঢাকা।
৪৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি করপোরেশন , ঢাকা।
৪৫. যুগ্মসচিব (হজ/উন্নয়ন/সংস্থা), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৬. ড. মোয়াজ্জেম হোসেন, যুগ্ম-সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৭. জেলা প্রশাসক, ঢাকা।
৪৮. উপ-সচিব (সংস্থা, বাজেট, অডিট, হিসাব ও অনুদান/প্রশাসন/হজ/ উন্নয়ন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৪৯. সিনিয়র সহকারী সচিব/প্রধান (সংস্থা/হজ-১/পরিকল্পনা-১/ পরিকল্পনা-২), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৫০. সিনিয়র তথ্য অফিসার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৫১. পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা।
৫২. পরিচালক (দ্বীনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগ), ইসলামিক ফাউন্ডেশন, বায়তুল মোকাররম, ঢাকা।
৫৩. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, ঢাকা।
৫৪. উপ-বিভাগীয় প্রকৌশলী (ইএমই/সিভিল), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৫. সহকারী সচিব (প্রশাসন-১/২/অনুদান/বাজেট/হজ-২/দেবোত্তর ও অডিট), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৫৬. প্রোগ্রামার (চলতি দায়িত্ব) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (এই সভার কার্যবিবরণীটি সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার ই-মেইলে প্রেরণ ও অত্র মন্ত্রণায়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫৭. পেশ ইমাম, বাংলাদেশ সচিবালয় জামে মসজিদ, ঢাকা।

নম্বর-১৬.০০.০০০০.০০১.২৩.০০৩.১৬./১৫৭২ তারিখ: ১৪ অগ্রহায়ন, ১৪২৪ বঙ্গাব্দ / ২৮ নভেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যাথে:

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. উপসচিব (প্রশাসন),ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উপসচিব (প্রশা:) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অফিস কপি/মাস্টার ফাইল।

২৮/১১/১৭
(মো: আহসান হাবীব)
সহকারী সচিব